গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৭৩/২০১৯-২০২০
ঢাকা, ৫ অক্টোবর শনিবার ২০১৯, ২০ আশ্বিন ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ইন্ডিয়া ইকোনোমিক সামিটের সমাপনী ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা
দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সৌহার্দ্য বৃদ্ধিতে চার দফা প্রস্তাব
২। নয়া দিল্লিতে ভারত-বাংলাদেশ বিজনেস ফোরামে প্রধানমন্ত্রী শেখ হাসিনা :
একসঙ্গে কাজ করতে দুই দেশের ব্যবসায়ীদের প্রতি আহ্বান
৩। দিল্লিতে হাসিনা-মোদি শীর্ষ বৈঠক আজ
৪। সিঙ্গাপুরের উপপ্রধানমন্ত্রীর সাক্ষাতকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা : রোহিঙ্গাদের বিষয়ে পদক্ষেপ নিন
৫। রাজধানীতে পূজামন্ডপ পরিদর্শন করেন রাষ্ট্রপতি
৬। অশুভ শক্তির বিরুদ্ধে সবাইকে লড়তে হবে : বানানী পূজামন্ডপ পরিদর্শনকালে স্পিকার
৭। যেখানেই চাঁদাবাজি লুটপাট, সেখানেই অভিযান : সেতুমন্ত্রী
৮। দুবাইয়ে গ্রেপ্তার শীর্ষ সন্ত্রাসী জিসানকে দ্রুত দেশে ফিরিয়ে আনা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৯। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতা নয়, মানুষের কল্যাণে রাজনীতি করেন : তথ্যমন্ত্রী
১০। এ দেশে ধর্ম ব্যবহার করে কেউ রাজনীতি করতে পারবে না :
পূজামন্ডপের সরকারি অনুদানের অর্থ বিতরণ অনুষ্ঠানে নৌপরিবহণ প্রতিমন্ত্রী
১১। দুর্গাপূজা ঘিরে সমন্বিত নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে : র‌্যাব মহাপরিচালক
১২। রংপুর-৩ আসনের উপনির্বাচনে ভোট গ্রহণ আজ

চলমান পাতা-২

**১। ইন্ডিয়া ইকোনোমিক সামিটের সমাপনী ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**
**দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সৌহার্দ্য বৃদ্ধিতে চার দফা প্রস্তাব**

দক্ষিণ এশিয়াকে সংযুক্ত, বন্ধুসুলভ ও প্রতিযোগিতাসক্ষম অঞ্চল হিসেবে গড়ে তুলতে চার দফা প্রস্তাব দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৪ অক্টোবর শুক্রবার) নয়াদিল্লির হোটেল তাজ প্যালেসে ইন্ডিয়া ইকোনোমিক সামিটের সমাপনী প্লেনারি অধিবেশনে দেওয়া বক্তব্যে তিনি এসব প্রস্তাবদেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'গত কয়েক দশকে আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রে আমরা সফল ও বিফল ধারণা দেখেছি। ভবিষ্যতের জন্য চারটি ধারণা তুলে ধরেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, যার অন্যতম হলো, ভূ-রাজনীতিতে মৈত্রী ও সহযোগিতায় জোর দেওয়া।' প্রধানমন্ত্রী পুরো অঞ্চলজুড়ে প্রতিটি মানুষের জন্য শান্তি, স্থিতিশীলতা ও ঐক্য অর্জনে অব্যাহত প্রচেষ্টা এবং 'সংখ্যালঘু-সংখ্যাগুরু' মানসিকতার ঊর্ধ্বে উঠার ওপর জোর দেন। প্রধানমন্ত্রী বলেন, সব সম্প্রদায় ও দেশের মধ্যে পারস্পরিক আস্থা ও শ্রদ্ধা গুরুত্বপূর্ণ। আমাদের ভুল ধারণা ও ভুল বোঝাবুঝি কাটিয়ে উঠতে হবে। বঙ্গবন্ধুর 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে শত্রুতা নয়'- নীতি অনুসরণ করে আঞ্চলিক সম্পর্ক রক্ষায় বাংলাদেশ অব্যাহতভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে বলে তিনি জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩)।

**২। নয়া দিল্লিতে ভারত-বাংলাদেশ বিজনেস ফোরামে প্রধানমন্ত্রী শেখ হাসিনা :**
**একসঙ্গে কাজ করতে দুই দেশের ব্যবসায়ীদের প্রতি আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে বর্তমানে সর্বকালের সবচেয়ে ভালো সম্পর্ক বিরাজ করছে। নিজ নিজ জনগণের পারস্পরিক স্বার্থে কাজ করে এ অঞ্চলকে আরো সমৃদ্ধ করতে দুই দেশের ব্যবসায়ীদের একসঙ্গে কাজ করা জরুরি। গতকাল (৪ অক্টোবর শুক্রবার) ভারতের নয়াদিল্লিতে আইসিটি মৌর্য হোটেলের কামাল মহল হলে ভারত-বাংলাদেশ বিজনেস ফোরামের (আইবিবিএফ) উদ্বোধন অধিবেশনের ভাষণে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুই দেশের ব্যবসায়ীদের উদ্দেশে বলেন, আমি আপনাদের সকলকে প্ল্যাটফরমটির সর্বোত্তম ব্যবহার করতে এবং আমাদের জনগণের পারস্পরিক বৃহত্তর স্বার্থে উভয় দেশের অর্থনীতিতে অবদান রাখার অনুরোধ করছি। এর মাধ্যমে আমরা আমাদের দেশ ও এ অঞ্চলকে আরো সমৃদ্ধ এবং ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত করতে পারব। প্রধানমন্ত্রী ভারতের ব্যবসায়ীদের বাংলাদেশের বিশেষ অর্থনৈতিক অঞ্চল এবং হাইটেক পার্কগুলোতে বিনিয়োগ করার আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

**৩। দিল্লিতে হাসিনা-মোদি শীর্ষ বৈঠক আজ**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মধ্যে দিল্লিতে আজ ৫ অক্টোবর শনিবার বৈঠক অনুষ্ঠিত হবে। সকালে দিল্লির হায়দরাবাদ হাউসের এ বৈঠকে বাংলাদেশ ও ভারতের মধ্যে বিভিন্ন বিষয়ে চুক্তি স্বাক্ষর হতে পারে। এছাড়া ৩টি প্রকল্পের উদ্বোধন করা হবে। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী গত ২ অক্টোবর বুধবার এক সংবাদসম্মেলনে দুই প্রধানমন্ত্রীর বৈঠকে ১১টি বিষয় প্রাধান্য পেতে পারে বলে জানিয়েছেন। নতুন মেয়াদে পুনর্নির্বাচিত হয়ে আসা উভয় প্রধানমন্ত্রীর এ বৈঠক ঘিরে সচেতন মহল ও জনগণের ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৮)।

**৪। সিঙ্গাপুরের উপপ্রধানমন্ত্রীর সাক্ষাতকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা : রোহিঙ্গাদের বিষয়ে পদক্ষেপ নিন**

মিয়ানমার যাতে রোহিঙ্গাদের নিজ ভূমিতে ফিরে যাওয়ার পরিস্থিতি তৈরি করে, সেজন্য ভূমিকা রাখতে সিঙ্গাপুরের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সিঙ্গাপুরের উপপ্রধানমন্ত্রী হিং স্যুয়ি কেট গতকাল (৪ অক্টোবর শুক্রবার) নয়া দিল্লির তাজ হোটেলে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৫। রাজধানীতে পূজামন্ডপ পরিদর্শন করেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, দুর্গাপূজা শুধু ধর্মীয় উৎসব নয়, এটি দেশবাসীর মধ্যে ঐক্য ও পারস্পরিক সম্প্রীতি সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দেশের সার্বিক অগ্রগতির সঙ্গে ঐতিহ্য ও সংস্কৃতিকে এগিয়ে নিতে ব্যক্তি ও সামাজিক জীবনে এ উৎসবের চেতনাকে কাজে লাগাতে হবে। দুর্গাপূজা উপলক্ষে গতকাল (৪ অক্টোবর শুক্রবার) নগরীর বনানী পূজামণ্ডপে হিন্দু সম্প্রদায়ের পূণ্যার্থীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। তিনি বলেন,বাংলাদেশ ধর্মীয় সম্প্রীতির অনন্য দৃষ্টান্ত। এ দেশে সব ধর্মের মানুষ সুদীর্ঘকাল ধরে অত্যন্ত আন্তরিক পরিবেশে তাদের ধর্মীয় উৎসব পালন করে আসছে। রাষ্ট্রপত রামকৃষ্ণমিশন ও ঢাকেশ্বী মন্দিরে পূজামন্ডপ পরিদর্শন করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫.ক.৫)।

**৬।　অশুভ শক্তির বিরুদ্ধে সবাইকে লড়তে হবে : বানানী পূজামন্ডপ পরিদর্শনকালে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল অসাম্প্রদায়িক রাষ্ট্র প্রতিষ্ঠা করা। হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টান সব ধর্মের সম্প্রীতির দেশ হবে বাংলাদেশ- যেখানে ধর্মহীনতা নয়, ধর্মনিরপেক্ষতাই মূল ভিত্তি। স্পিকার বলেন, ধর্ম-বর্ণ নির্বিশেষে সমাজের প্রতিটি মানুষকেই অশুভ শক্তির বিরুদ্ধে লড়াই করতে হবে। গতকাল (৪ অক্টোবর শুক্রবার) বনানী মাঠে গুলশান- বনানী সর্বজনীন পূজা ফাউন্ডেশনের দুর্গোৎসব আয়োজনের দ্বাদশ বর্ষপূর্তি ও এবারের শারদোৎসব উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। এ সময় তিনি পূজা উদযাপন পরিষদের প্রকাশিত বোধন স্মরণিকার মোড়ক উন্মোচন করেন। সূত্র-**সমকাল** (পৃ.২.ক.৫)।

**৭।　যেখানেই চাঁদাবাজি লুটপাট, সেখানেই অভিযান : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশে দুর্নীতিবিরোধী অভিযান আপন ঘর থেকেই শুরু হয়েছে। চলমান দুর্নীতিবিরোধী এ অভিযান কোনো ব্যক্তি গোষ্ঠী বা দলের বিরুদ্ধে নয়। এটি অপরাধী এবং দুর্নীতির বিরুদ্ধে একটি অভিযান। দুর্বৃত্তায়নের একটি চক্র বাংলাদেশে রয়েছে, এ চক্র ভেঙে দিতে হবে। যেখানেই অপরাধী, যেখানেই দুর্বৃত্তায়ন, চাঁদাবাজি, লুটপাট, টেন্ডারবাজি সেখানেই এ অভিযান চলবে। এ ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনী ও র‌্যাবকে পরিষ্কার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি দিল্লি যাওয়ার আগেও বলে গিয়েছেন, এ শুদ্ধি অভিযান কোনো অবস্থায় শিথিল হবে না। এ অভিযান চলতেই থাকবে। দুর্বৃত্তায়নের চক্র ভেঙে দিতে প্রধানমন্ত্রী বদ্ধপরিকর। মন্ত্রী গতকাল (৪ অক্টোবর শুক্রবার) গাজীপুরের কালিয়াকৈর উপজেলার খাড়াজোড়া এলাকায় ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের চার লেন প্রকল্পের উন্নয়ন কাজ পরিদর্শনে এসে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা জানান। সূত্র-**ইত্তেফাক** (সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১)।

**৮।　দুবাইয়ে গ্রেপ্তার শীর্ষ সন্ত্রাসী জিসানকে দ্রুত দেশে ফিরিয়ে আনা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে গ্রেপ্তার ঢাকার শীর্ষ সন্ত্রাসী জিসানকে দ্রুত দেশে ফিরে আনা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, জিসান ইন্টারপোলের তালিকায় থাকা একজন শীর্ষ সন্ত্রাসী। তাকে শিঘ্রই দেশে ফিরিয়ে আনা হবে। গতকাল (৪ অক্টোবর শুক্রবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউটে শারদীয় দুর্গোৎসবের উদ্বোধন অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। চিহ্নিত ও দণ্ডিত অপরাধীদের মধ্যে যারা দেশের বাইরে পালিয়ে আছে, তাদের বিষয়ে কী ব্যবস্থা নেওয়া হয়েছে জানতে চাইলে মন্ত্রী বলেন, অপরাধীদের সবাইকে দেশে ফিরিয়ে আনব এবং আইন অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮)।

**৯।　প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতা নয়, মানুষের কল্যাণে রাজনীতি করেন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা ক্ষমতার জন্য নয়, মানুষের কল্যাণে রাজনীতি করেন। গতকাল (৪ অক্টোবর শুক্রবার) রাজধানীর শাহবাগের জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৩তম জন্মদিন উপলক্ষে 'হাসুমণির পাঠশালা' আয়োজিত সুচিশিল্প প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠান ও আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাদুকরি নেতৃত্বের কারণেই দেশ এগিয়ে যাচ্ছে। দেশে এখন আর কোনো মানুষ না খেয়ে থাকে না। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**১০।　এ দেশে ধর্ম ব্যবহার করে কেউ রাজনীতি করতে পারবে না :**
**পূজামন্ডপের সরকারি অনুদানের অর্থ বিতরণ অনুষ্ঠানে নৌপরিবহণ প্রতিমন্ত্রী**

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, ধর্ম ব্যবহার করে এদেশে আর কেউ রাজনীতি করতে পারবে না। এদেশ পরিচালিত হবে ধর্মনিরপক্ষভাবে। এদেশ অসাম্প্রদায়িক ও মুক্তিযুদ্ধের চেতনায় পরিচালিত হয়ে আসছে। গতকাল (৪ অক্টোবর শুক্রবার) দিনাজপুরের বিরল উপজেলা পরিষদ হলরুমে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে বিভিন্ন পূজামন্ডপের সরকারি অনুদানের অর্থ বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

**১১।　দুর্গাপূজা ঘিরে সমন্বিত নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে : র‌্যাব মহাপরিচালক**

র‌্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ বলেছেন, দুর্গাপূজা ঘিরে দেশজুড়ে সমন্বিত নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে। গুরুত্বপূর্ণ পূজামণ্ডপে র‌্যাব সদস্যদের পাহারার পাশাপাশি থাকবে রোবস্ট প্যাট্রোলিং (একসঙ্গে অনেক গাড়ি নিয়ে টহল)। গতকাল (৪ অক্টোবর শুক্রবার) রাজধানীর বনানী পূজামন্ডপের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা জানান। র‌্যাব ডিজি জানান, সারাদেশে ৩১ হাজারের বেশি মণ্ডপে পূজা উদ্‌যাপন হচ্ছে। শান্তিপূর্ণভাবে পূজা উদ্‌যাপনের জন্য র‌্যাবের পক্ষ থেকে সকল প্রকার ব্যবস্থা নেয়া হয়েছে। সন্ত্রাসী ও জঙ্গীরা যাতে কোনো ধরনের অপতৎপরতা চালাতে না পারে সেজন্য র‌্যাব তৎপর রয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

**১২।　রংপুর-৩ আসনের উপনির্বাচনে ভোট গ্রহণ আজ**

রংপুর-৩ আসনের উপনির্বাচনে ভোট গ্রহণ আজ ৫ অক্টোবর শনিবার। ইতোমধ্যে সব প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন। কেন্দ্রে পাঠানো হয়েছে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম)। সব কেন্দ্রে পৌঁছেছে আইনশৃঙ্খলা বাহিনীর দায়িত্বপ্রাপ্ত টিম। এ উপলক্ষে পুরো নির্বাচনি এলাকা জুড়ে ১৮ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। নির্বাচন সুষ্ঠু করার লক্ষ্যে গড়ে তোলা হয়েছে চার স্তরের নিরাপত্তা বলয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৩)।